মুজিবনগর স্মৃতিসৌধে নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের পুষ্পস্তবক অর্পন

মুজিবনগরে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এবং ভাইস চেয়ারম্যান বিএম জাহিদ হাসান রাজীব, ভাইস চেয়ারম্যান (মহিলা) তোকলিমা খাতুন মজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন।

আজ শুক্রবার বিকেলে নেতাকর্মীদের সাথে নিয়ে নবনির্বাচিত চেয়ারম্যান গন এই পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে নবনির্বাচিত মুজিবনগর উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু এক প্রশ্নের জবাবে বলেন, আল্লাহর রহমতে এবং মানুষের ভালোবাসায় আমি উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছি আর সেই সাথে আমি দুইজন সুযোগ্য ভাইস চেয়ারম্যান পেয়েছি। ভবিষ্যতে আমি দ্বিধা বিভক্ত মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সমস্ত ক্ষত সারিয়ে সবাইকে একসাথে নিয়ে একটি শক্তিশালী আওয়ামীলীগ, যুবলীগ, কৃষকলীগ,, যুবমহিলা লীগ, ছাত্রলীগ গড়ে তুলবো। গত নির্বাচনে আপনারা সেটি দেখতে পেয়েছেন আমি নির্বাচিত হয়ে আমাদের সাবেক উপজেলা আওয়ামী লীগের সভাপতি ত্যাগী নেতা জিয়াউদ্দিন বিশ্বাসের সাথে দেখা করেছি বর্তমান সভাপতি আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী রফিকুল ইসলাম তো তার সাথেও দেখা করেছি। আমি চাই মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের মধ্যে যে দ্বিধাবিভক্ত আছে সমস্ত বিভক্ত দূর করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে একটি শক্তিশালী সংগঠনে পরিণত করার মাধ্যমে আমাদের প্রাণপ্রিয় জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের হাতকে শক্তিশালী করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার উন্নয়নকে গতিশীল করে মানুষের দ্বারে দ্বারে পৌঁছে দেওয়া।

এ সময় মুজিবনগর উপজেলার বিভিন্ন গ্রামের আওয়ামীলীগের নেতাকর্মী, উপজেলা যুবমহিলা লীগকৃষক লীগ ও ছাত্রলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গলায় রশি দিয়ে এক কিশোরের আত্মহনন

মুজিবনগরে মোটরসাইকেল কিনে না দেওয়ায় বাবা মার ওপর অভিমান করে গলায় রশি দিয়ে আত্মহত্যা করেছে সোহান (১৬) নামের এক কিশোর।

সে উপজেলার দারিয়াপুর ইউনিয়নের পুরন্দরপুর গ্রামের বাজার পাড়ার মফিজুর রহমানের ছেলে। আজ শুক্রবার সকালে নিজ বাড়িতে গলায় দড়ি দিয়ে সে আত্মহত্যা করে।

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য শাহজাহান জানান, সোহান এবার দারিয়াপুর মাধ্যমিক বিদ্যালয় হতে এসএসসি পরীক্ষা দিয়েছে সামনে ১২ তারিখ তার রেজাল্ট। সে মা-বাবার কাছে একটি মোটরসাইকেল কেনার জন্য দাবি করে মা বাবা মোটরসাইকেল দিতে প্রথমত রাজি হয়নি পরে তার জোরাজুরিতে তাকে মোটরসাইকেল কিনে দিতে রাজি হয়। ঘটনার সে দিন দাবি করে আজকে তাকে মোটরসাইকেল কিনে দিতে হবে। এই নিয়ে সকালে সোহানের বাবা-মা তাকে বকাঝকা করে এমনকি তার মা তাকে একটি থাপ্পড় দেয়। এই অভিমানে সোহান সবার অগোচরে ঘরের ফ্যানের সাথে রশি পেঁচিয়ে গলায় দিয়ে আত্মহত্যা করে পরিবারের লোকজন তাকে দেখতে পেয়ে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল কুমার দত্ত ঘটনা সত্যতা স্বীকার করে জানান, সোহান তার বাবা মার কাছে মোটরসাইকেল দাবি করলে বাবা-মা কিনে না দেওয়াই সে অভিমান করে ঘরের স্যারের সাথে রশি পেঁচিয়ে গলায় দিয়ে আত্মহত্যা করে এ বিষয়ে পুলিশে তদন্ত করছে কোন অভিযোগ না থাকায় লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে হঠাৎপাড়া মসজিদে টাইলস উপহার দিলেন পৌর মেয়র

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড হঠাৎপাড়া জামে মসজিদে টাইলস উপহার দিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন।

আজ শুক্রবার জুম্মার নামাজের পর হঠাৎপাড়া জামে মসজিদে টাইলস উপহার দেওয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর মোস্তাক আহমেদ, মেহেরপুর পৌরসভার ৩নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, হঠাৎপাড়া জামে মসজিদের সভাপতি মোঃ হাসমত আলী (তোতা), হঠাৎপাড়া জামে মসজিদের সহ-সভাপতি নাসির, হঠাৎপাড়া জামে মসজিদের সেক্রেটারি ইউনুস সহ হঠাৎপাড়া জামে মসজিদের বিভিন্ন মুসল্লী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্ত্রীকে কুপিয়ে হত্যা করলো স্বামী

মেহেরপুর সদরে সালেহা খাতুন নামের তিন সন্তানের জননীকে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করেছে তার স্বামী এলাহি বক্স।

আজ শুক্রবার সকালে সদর উপজেলার গোভীপুর গ্রামে এ ঘটনা ঘটে। এঘটনায় এলাকাবাসী তার স্বামীকে আটক করে পুলিশের কাছে তুলে দিয়েছে। এলাহি বক্স একই গোভিপুর ভিটাপাড়ার খোদা বাক্সের ছেলে।

স্থানীয়রা জানান, শুক্রবার সকালের দিকে সালেহা খাতুন ওয়াশরুমে যাওয়ার জন্য ঘর থেকে নামেন। এসময় তার স্বামী এলাহি বক্স ধারালো হাসুয়া দিয়ে তাকে উপুর্যপুরি কোপাতে শুরু করেন। সালেহা খাতুনের চিৎকারে আশেপাশের লোকজন ছুটে আসলেও তাকে শেষ রক্ষা করতে পারেননি। পরে ছালেহা খাতুনকে মুমূর্ষ অবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ কনি মিয়া ঘটনাস্থল পরিদর্শন করেন।

স্থানীয়রা আরও জানান, এলাহি বক্স মানসিক রোগী। তবে কি কারনে তার স্ত্রীকে হত্যা করল সে ব্যাপারে কেউ কিছু বলতে পারছেন না।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ কনি মিয়া বলেন, নিহতের মরদেহ উদ্ধার করা হয়েছে। এলাকাবাসি খুনিএলাহী বক্সকে ধরিয়ে দিয়েছে। তাকে গ্রেফতার দেখানো হয়েছে। মামলা প্রক্রিয়াধীন। তদন্ত শেষে হত্যার উদ্দেশ্যে জানা যাবে।

গাংনীতে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিকের উপর হামলা

মেহেরপুরের গাংনীতে জমিতে জোর করে ধান কাটতে বাঁধা দেওয়ায় জমির মালিক মুনতাজ আলীকে (৪৩) পিটিয়ে গুরুতর আহত করেছে প্রতিপক্ষ। গাংনী উপজেলার জুগিরগোফা গ্রামে বৃহস্পতিবার বিকালে এ ঘটনা ঘটে। আহত মুনতাজ আলী জুগিরগোফা গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে। এলাকার মতিউর রহমান ওরফে উজ্জ্বল নামের এক ব্যক্তির বিরুদ্ধে এ অভিযোগ উঠেছে।
আহত মুনতাজ আলী বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনায় ঠেকাতে গেলে প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা খাতুন ঠেকাতে গেলে তাদেরকেও পিটিয়ে রক্তাক্ত জখম করেছে উজ্জ্বল ।
জানা গেছে, জুগিরগোফা গ্রামের আব্দুল বারীর ছেলে উজ্জ্বল গতকাল বৃহস্পতিবার বিকালে মুনতাজ আলীর জমিতে জোর করে ধান কেটে গাড়ি

বোঝাই করে নিয়ে আসছিলেন। এসময় মুনতাজ আলী তাকে ধান কাটছেন কেনো জানতে চাইলে বাকবিতন্ডা শুরু হয়। এক পঅযায়ে জমির মালিক মুনতাজ আলীকে মারপিট শুরু করে। শারীরিক নির্যাতনের পাশাপাশি রাস্তার উপর আছাঁড় মারে।
এ সময় প্রতিবেশী মাসুম আলী ও তার স্ত্রী আঙ্গুরা তাকে ঠেকাতে গেলে তাদেরও পিটিয়ে রক্তাক্ত জখম করে। পরে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এঘটনায় আহত মুনতাজ আলী মামলা করার প্রস্তুতি নিচ্ছেন।
স্থানীয়রা নাম না প্রকাশের শর্তে জানান, মতিউর রহমান ওরফে উজ্জ্বল একজন মাদকাসক্ত। তার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ রয়েছে। গ্রামের অনেকেই তার নির্যাতনের স্বীকার।

আলমডাঙ্গায় প্রেমিক যুগলের গলায় জুতার মালা: ইউপি চেয়ারম্যান বরখাস্ত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসির আহমেদ মল্লিক লালকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তিওরবিলা গ্রামের প্রবাসীর স্ত্রীর সাথে পরকীয়ার অভিযোগ তুলে প্রেমিক যুগলের গলায় জুতার মালা পরিয়ে মারধর ও চাঁদা দাবির ঘটনায় মামলা দায়ের করা হয়। ওই মামলার প্রেক্ষিতে এ আদেশ দেওয়া হয়। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ ইউপি শাখা-১ এ সংক্রান্ত আদেশ জারি করে। গত ৭ মে রাষ্ট্রপ্রতির আদেশক্রমে সিনিয়র সহকারী সচিব আনিসুজ্জামান স্বাক্ষরিত ওই আদেশ জারি করা হয়।
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ ইউপি শাখা ১ এ সংক্রান্ত আদেশে উল্লেখ করা হয়েছে যে,” খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসীর আহমেদ মল্লিক লালের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় একটি মামলা দায়ের করা হয়। যার মামলা নং-১ (জি.আর ১৫৫/২০২৩), তারিখ: ১২/১০/২০২৩। মামলাটি চুয়াডাঙ্গার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলে নেওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯- এর ৩৪(১) ধারা অনুযায়ী জেলা প্রশাসক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেন।
জেলা প্রশাসকের সুপারিশের কারণে আলমডাঙ্গা উপজেলাধীন খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব তাফসীর আহমেদ মল্লিক (লাল)-এর

বিরুদ্ধে উল্লিখিত অভিযোগে তার দ্বারা ইউনিয়ন পরিষদের ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে। যেকারণে খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসীর আহমেদ মল্লিকের (লাল) সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৪(১) ধারা অনুযায়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে তার পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।”
আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস এ তথ্যের সত্যতা নিশ্চিত করেন

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেসা (লতা) কে ফুলের শুভেচ্ছা।

আজ বৃহস্পতিবার রাতে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান লতিফুন নেসা (লতা) নিজস্ব কার্যালয়ে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রিয়াদ আজিম, পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহিন ইসলাম তানিম, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, পৌর স্বেচ্ছাসেবক লীগের নেতা রাসেল অন্তর, রিঙ্কু মাহমুদ, শাহিদুল ইসলাম মানিক, খালেদ হাসান মিন্টু, মাকসুদুল আলম মিথেন, নাহিদুজ্জামান নাহিদ, সোহানুজ্জামান জয় এবং জাব্বারুল ইসলাম সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা

মেহেরপুর পৌর স্বেচ্ছাসেবক লীগের পক্ষ থেকে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলামকে ফুলের শুভেচ্ছা।

আজ বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সামনে নবনির্বাচিত মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলামকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এসময় উপস্থিত ছিলেন পৌর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রিয়াদ আজিম, পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক শাহিন ইসলাম তানিম, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, পৌর স্বেচ্ছাসেবক লীগের নেতা রাসেল অন্তর, রিঙ্কু মাহমুদ, শাহিদুল ইসলাম মানিক, খালেদ হাসান মিন্টু, মাকসুদুল আলম মিথেন, নাহিদুজ্জামান নাহিদ, সোহানুজ্জামান জয় এবং জাব্বারুল ইসলাম সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদরে ২৫.৮৯ ও মুজিবনগরে ৪২.৬৩ শতাংশ ভোট পোল

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপে গতকাল বুধবার অনুষ্ঠিত নির্বাচনে মেহেরপুর সদরে ২৫.৮৯ শতাংশ এবং মুজিবনগর উপজেলায় ৪২.৬৩ শতাংশ ভোট পোল হয়েছে।

মেহেরপুর সদর উপজেলায় ২ লক্ষ ১৮ হাজার ৮০৪ জন ভোটারের মধ্যে ৫৬ হাজার ৬৫৮ জন ভোটাধিকার প্রয়োগ করেন। যার শতকরা হার ২৫.৮৯

শতাংশ। প্রদত্ত ভোটে ১ হাজার ৯৭১ টি ভোট বাতিল হয়েছে।

মুজিবনগর উপজেলা ৮৫ হাজার ২৫৯ জন ভোটারের মধ্যে ৩৬ হাজার ৩৪৩ জন ভোটাধিকার প্রয়োগ করেন। যার শতকরা হার ৪২.৬৩ শতাংশ। এর মধ্যে ১ হাজার ১৮ টি ভোট বাতিল হয়ে যায়।

মেহেরপুর ও মুজিবনগর উপজেলা নির্বাচনের রিটার্নিং অফিসার মোহাম্মদ ওয়ালীউল্লাহ এই তথ্য নিশ্চিত করেছেন।

এক মঞ্চে গাংনীর প্রার্থীরা

মানুষের খাদ্য, বস্ত্র, স্বাস্থ্য, শিক্ষা, নিরাপত্তাসহ মৌলিক ও মানবিক চাহিদা নিশ্চিত করার পাশাপাশি সন্ত্রাস, মাদকাসক্তিসহ বিভিন্ন সামাজিক অপরাধ রোধে উদ্যোগ গ্রহণ ও পারস্পারিক সহযোগীতার সংস্কৃতি গড়ে তুলতে কাজ করবেন বলে অঙ্গিকার করলেন গাংনীর চেয়ারম্যান ও ভাইসচেয়ারম্যান প্রার্থীরা।

পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলা শাখা আয়োজিত প্রতিদ্বন্দ্বীতাকারি প্রার্থীদের নিয়ে “জনগণের মুখোমুখি” অনুষ্ঠানে এই অঙ্গিকার ব্যাক্ত করেন ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান, ভাইসচেয়ারম্যান ও মহিলা ভাইসচেয়ারম্যান প্রার্থীরা।

আজ বৃহস্পতিবার (৯ এপ্রিল) সকাল ১১ টার সময় গাংনী আলিয়া মাদ্রাসা চত্ত্বরে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পিএফজির সদস্য বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনগণের মুখোমুখি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও সহকারি রিটানিং অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম, নির্বাচন অফিসার কামরুল আহসান, সাংস্কৃতিক সংগঠক ও পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি)র সিরাজুল ইসলাম।

জনগণের মুখোমুখি অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান প্রার্থী, এমএ খালেক, লাইলা আরজুমান বানু শিলা, মোখলেছুর রহমান মুকুল, এ কে এম শফিকুল আলম, জুলফিকার আলী ভূট্টো, অ্যাডভোকেট রাশেদুল হক জুয়েল, মুকুল জোয়ার্দ্দার।

ভাইস চেয়ারম্যান পদের প্রার্থী মো: ফারুক হাসান, মো: দেলোয়ার হোসেন মিঠু, মো: রেজাউল করিম, মহিলা ভাইসচেয়ারম্যান পদের প্রার্থী ফারহানা ইয়াসমিন, নাসিমা খাতুন ও জাকিয়া আক্তার।

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের যশোর এরিয়া সমন্বয়কারি খোরশেদ আলম, পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) গাংনী উপজেলার সমন্বয়ক প্রভাষক রফিকুল আলম বকুল ও পিএফজির সদস্য প্রভাষক মহিবুর রহমান মিন্টু অনুষ্ঠানে সঞ্চালকের দায়ীত্ব পালন করেন।

অনুষ্ঠানে জণগনের প্রশ্নের জবাবে প্রার্থীরা বলেন, নির্বাচিত হলে, উপজেলা পরিষদকে দূর্ণীতিমুক্ত, কার্যকর ও জনকল্যাণমুলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলবো। নারীর অবস্থার উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে সকল মানুষের সার্বিক জীবন মানের উন্নয়নের জন্য কাজ করার পাশাপাশি ইভটিজিং বন্ধসহ নারী নির্যাতন, বহু বিবাহ, বাল্যবিবাহ বন্ধ, যৌতুকসহ নারীর প্রতি সহিংসতা রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলবো। নির্বাচিত হলে এলাকার মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, দুস্থ মুক্তিযোদ্ধা পরিবার ও প্রতিবন্ধীসহ সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠির প্রতি বিশেষ নজর দিয়ে তাদের উন্নয়নে ভূমিকা পালন করারও প্রতিশ্রম্নতি ব্যাক্ত

করেন প্রার্থীরা।

এসময় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া কো অর্ডিনেটর হেলাল উদ্দীন, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও পিএফজির সদস্য সৈয়দ জাকির হোসেন, করমদি ডিগ্রী কলেজের প্রভাষক ও পিএফজির সদস্য আবু সাদাদ মোহাম্মদ সায়েম পল্টু, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও পিএফজির সদস্য মাহবুবুল আলম, সাংবাদিক ও পিএফজির সদস্য জুলফিকার আলী কাননসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে গাংনী উপজেলা পরিষদ নির্বাচনের অংশগ্রহণকারী ৬ জন চেয়ারম্যান, ৩ জন ভাইসচেয়ারম্যান ও ৩ জন মহিলা ভাইসচেয়ারম্যান প্রার্থী এক অপরের হাতে হাত রেখে দুহাত তুলে সুন্দর ও সোহাদ্যর্পূর্ণ গাংনী গড়ে তোলার অঙ্গিকার করেন।